



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা



ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ


হিসাব পরিপত্র নং-০৭/২০২০

তারিখঃ ০১-১০-২০২০

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদ হার স্পষ্টীকরণ প্রসঙ্গে।

পরিচালনা পর্ষদের ৭৭৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদ হার সংক্রান্ত হিসাব পরিপত্র নং ১১/২০১৮ নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলোঃ

- ০২। (ক) সকল খাতে অশ্রেণীকৃত ঋণের উপর সুদ হার সর্বোচ্চ ৯% (স্থায়ী আমানত ও বিভিন্ন সঞ্চয় স্কিমের বিপরীতে গৃহীত ঋণ ব্যতীত)।
(খ) ঋণের উপর ৯% হার ধার্য করার পরও যদি সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা খেলাপী হিসাবে চিহ্নিত হয় সেক্ষেত্রে যে সময়কালের জন্য খেলাপী হবে অর্থাৎ মেয়াদী ঋণের উপর খেলাপী কিস্তি এবং চলতি মূলধন ঋণের ক্ষেত্রে মোট খেলাপী ঋণের উপর অতিরিক্ত ২% সুদ আরোপ করা যাবে।
(গ) প্রি-শিপমেন্ট রপ্তানী ঋণের বিদ্যমান সুদ হার সর্বোচ্চ ৭% অপরিবর্তিত থাকবে।
(ঘ) মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বিশেষ ঋণ প্রদান কর্মসূচি, কোভিড-১৯ সংক্রান্ত বিশেষ প্রণোদনা ও বাংলাদেশ ব্যাংকের বিশেষ নীতিমালার আওতায় বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সুদ হার ও পরিচালন সংক্রান্ত স্ব স্ব নীতিমালা কার্যকর হবে।
(ঙ) ক্রেডিট বিভাগ কর্তৃক জারীকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের বিশেষ ঋণ প্রদান কর্মসূচি, পার্সোনাল লোন স্কিম (বেতনের বিপরীতে অগ্রিম) এবং রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ কর্তৃক জারীকৃত ১০ টাকার হিসাবধারীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের সুদের হারও ৯% হারে কার্যকর হবে।
- ০৩। উপরোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।


০১/১০/২০২০
(পারভীন আকতার)


মহাব্যবস্থাপক
(আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)
ফোন নং-৯৫৭৮৩৯৭

নং-প্রকা/টিএমডি-১৭(৫৪)/২০২০-২১/৩১৭

তারিখঃ ০১-১০-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১০। নথি।


০১.১০.২০২০
(গোলাম মোঃ আরিফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোন নং-৯৫৭৫৬২২